

## 💵 ফাতাওয়া আরকানুল ইসলাম

বিভাগ/অধ্যায়ঃ ছিয়াম (রোযা)

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ বিন সালিহ আল-উসাইমীন (রহঃ)

প্রশ্ন: (৪৩১) সাওম আদায়কারীর কফ অথবা থুথু গিলে ফেলার বিধান কী?

উত্তর: কফ বা শ্লেষা যদি মুখে এসে একত্রিত না হয় গলা থেকেই ভিতরে চলে যায় তবে তার সাওম নষ্ট হবে না। কিন্তু যদি গিলে ফেলে তবে সে ক্ষেত্রে বিদ্বানদের দু'টি মত রয়েছে:

১ম মত: তার সাওম নষ্ট হয়ে যাবে। কেননা তা পানাহারের স্থলাভিষিক্ত।

২য় মত: সাওম নষ্ট হবে না। কেননা তা মুখের সাধারণ থুথুর অন্তর্গত। মুখের মধ্যে সাধারণ পানি যাকে থুথু বলা হয় তা দ্বারা সাওম নষ্ট হয় না। এমনকি যদি থুথু মুখের মধ্যে একত্রিত করে গিলে ফেলে তাতেও সিয়ামের কোনো ক্ষতি হবে না।

আমরা জানি আলিমগণ মতবিরোধ করলে তার সমাধান কুরআন-সুন্নাহ থেকে খুঁজতে হবে। কিন্তু এক্ষেত্রে কুরআন-সুন্নাতে সুস্পষ্ট কোনো উক্তি নেই। এ বিষয়ে যখন সন্দেহ হয়ে গেল, তার ইবাদতটি নষ্ট হয়ে গেল না নষ্ট হলো না। তখন আমাদেরকে মূলের দিকে ফিরে যেতে হবে। মূল হচ্ছে দলীল ছাড়া ইবাদত বিনষ্ট না হওয়া। অতএব, কফ গিলে নিলে সাওম নষ্ট হবে না।

মোটকথা: কফ নিজ অবস্থায় ছেড়ে দিবে। তা গলার নিচে থেকে মুখে টেনে নিয়ে আসার চেষ্টা করবে না। কিন্তু মুখে এসে পড়লে বাইরে ফেলে দিবে। চাই সাওম আদায়কারী হোক বা না হোক। কিন্তু গিলে ফেললে সাওম নষ্ট হবে এর জন্য দলীল দরকার।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1105

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন